# কেরু এ্যান্ড কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড, দর্শনা, চুয়াডাঙ্গা।

বি এস এফ আই সি, শিল্প মন্ত্রনালয়

সূত্র নং: কেরু/কৃষি খামার/খেজুর গাছ/২০২৫-২৬/৪১২ তারিখ: ১৯-১০-২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয়: খেজুর গাছের রস সংগ্রহের নিমিত্ত লিজ প্রদানের জন্য দরপত্র আহবান সংক্রান্ত।

সূত নং: কেরু/প্রশা./ভূমি/কৃষি খামার/খেজুর গাছ লিজ/২০২৫-২৬/১৪২৪, তারিখ: ১৮-১০-২০২৫ খ্রি. এর প্রেক্ষিতে এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেরু এ্যান্ড কোম্পানী (বাংলাদেশ) লিমিটেডের ০৭(সাত)টি খামারে ১৪৬৫টি খেজুর গাছের রস সংগ্রহের জন্য লিজ প্রদানের উদ্দেশ্যে আগ্রহী লিজ গ্রহিতাদের নিকট দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নে বিবরণ প্রদান করা হলো:

| ক্রমিক নং | খামারের নাম | খেজুর গাছের সংখ্যা (টি) | জামানতের টাকার পরিমান |
|---|---|---|---|
| ১। | ফুরশেদপুর | ২৮০ | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ২। | বেগমপুর | ৫৫ | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ৩। | ঝাঁঝরী | ১৫০ | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ৪। | আড়িয়া | ৫০০ | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| ৫। | হিজলগাড়ী | ৩২০ | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ৬। | ডিহি | ৫০ | ৫০০/- (পাঁচশত) টাকা |
| ৭। | ফুলবাড়ি | ১১০ | ৫০০/- (পাঁচশত) টাকা |
| সর্বমোট= | | ১৪৬৫ | |

দরপত্র গ্রহণের তারিখ, স্থান ও সময়:

১৯-১০-২০২৫ খ্রি. তারিখ হতে ২৫-১০-২০২৫ খ্রি. তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত কমিটির নিকট অথবা সংশ্লিষ্ট খামার অফিসে দরপত্র দাখিল করা যাবে।

দরপত্র প্রাপ্তি স্থান:

খামার সেন্ট্রাল অফিস এবং সংশ্লিষ্ট খামার অফিস।

দরপত্র খাম খোলার তারিখ, স্থান ও সময়:

২৫-১০-২০২৫ খ্রি. তারিখ বেলা ১২-৩০ ঘটিকার সময় সেন্ট্রাল খামার অফিসে(সংশ্লিষ্ট খামার অফিস থেকে প্রাপ্ত দরপত্র আসা সাপেক্ষে) দরপত্র খাম খোলা হবে।

শর্তাবলী:

১. আগ্রহী দরদাতা একক খামার অথবা সকল খামারের জন্য দর প্রদান করতে পারবে।
২. জামানত ব্যাতিত দরপত্র বাতিল হবে ও নির্ধারিত সময়ের পরে দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রসহ জামানত নগদে কমিটির নিকট অথবা সংশ্লিষ্ট খামার কর্তৃপক্ষের নিকট জমা দিতে পারবে।
৩. কার্যাদেশ প্রাপ্ত দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে মিলের হিসাব বিভাগে সমুদয় মূল্য প্রদান সাপেক্ষে খেজুর গাছ খামার কর্তৃপক্ষ থেকে বুঝে না নিলে জামানত মিলের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
৪. দরপত্রের ফর্মে আগ্রহী ক্রেতার পূর্ণাঙ্গ ঠিকানা ও স্বাক্ষর থাকতে হবে। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দরপত্রের সঙ্গে অবশ্যই সংযুক্ত করতে হবে। জাতীয় পরিচয়পত্রের স্বাক্ষরের সাথে আবেদনপত্রের স্বাক্ষরের মিল থাকতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৫. এ বিষয়ে দরপত্র আহবান প্রক্রিয়া বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণে ক্ষমতা মিলস্ কর্তপক্ষ সংরক্ষন করে।

১৯/১০/২৫

(সুমন কুমার সাহা)
ব্যবস্থাপক (খামার)
কমিটির পক্ষে

বিতরণ কমিটির সকল সদস্য:-

১। জনাব ইসমাইল হোসেন মোল্লা - ব্যবস্থাপক (যন্ত্র কৌশল)।
২। জনাব শেখ জাবেদ হাসান - উপব্যবস্থাপক (হিসাব
৩। জনাব সৈয়দ আফজালুর রহমান - জু. অফিসার (ভূমি)।
৪। সংশ্লিষ্ট ফার্ম ইনচার্জ (ফুরশেদপুর/বেগমপুর/ঝাঁঝরী/আড়িয়া/হিজলগাড়ী/ডিহি/ফুলবাড়ী)।

অনুলিপি:-

১. জু. অফিসার (সমন্বয়) টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. মহাব্যবস্থাপক (প্রশাসন), কেরু এ্যান্ড কোং (বিডি) লি.।
৩. সকল নোটিশ বোর্ড, কেরু এ্যান্ড কোং (বিডি) লি.।
৪. সংশ্লিষ্ট খামার নোটিশ বোর্ড।